গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, বগুড়া।
ই-মেইলঃ bogra@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএস/বগ/স্বাঃশিঃ/তামাকনিয়ন্ত্রণ/৭/২৫/২৮২৬ তারিখঃ ১০.১১.২০২৫খ্রি.

## ধূমপান ও তামাক নিয়ন্ত্রণে জেলা টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব হোসনা আফরোজা, জেলা প্রশাসক, বগুড়া ।
তারিখ ঃ ২৪ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/০৯ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ, রবিবার, সকালঃ ১১:৪৫ ঘটিকা।
সভার স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (করতোয়া), বগুড়া ।
সভার উপস্থিতি ঃ ১৯ জন (নথিতে সংরক্ষিত)।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সম্মানিত জেলা প্রশাসক মহোদয়ের অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব ও সিভিল সার্জন এর মনোনীত প্রতিনিধি ডেপুটি সিভিল সার্জন(ভারপ্রাপ্ত) অদ্যকার সভা আয়োজনের গুরুত্ব তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন।

আলোচ্য বিষয় ঃ **ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ ও তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে জনসাধারণকে সহযোগিতা বিষয়ে আলোচনা এবং বিবিধ।**

জেলা প্রশাসক ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এরপর উপস্থিত সকলে নিজ নিজ পরিচয় প্রদান করেন। অতপর সভাপতি সভার আলোচ্য বিষয়ের সাথে সঙ্গতি রেখে কি ধরণের পদক্ষেপ গ্রহণ করা যায় সে বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে আহবান জানান। ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | অদ্যকার সভার সভাপতি জেলা প্রশাসক মহোদয় বলেন, ধূমপান নিরুৎসাহিত করতে প্রচারের উপর গুরুত্ব দিতে হবে। তিনি উল্লেখ করেন যেহেতু অধিকাংশ নতুন ধুমপায়ী সৃষ্টি হয় স্কুল-কলেজ পর্যায়ে তাই ধূমপানের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ভিডিও প্রদর্শনপূর্বক বহুল প্রচার বাস্তবায়নের বিষয়ে সবিশেষ গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে ডেপুটি সিভিল সার্জন মহোদয় বলেন, সংশ্লিষ্ট বিদ্যালয় ও কলেজের শ্রেণি শিক্ষক দ্বারা মাসের নির্দিষ্ট একদিন ধূমপান ও মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধিমূলক ক্লাস নেয়া যেতে পারে। | সিনিয়র তথ্য অফিসার প্রচারের নিমিত্ত এ সংক্রান্ত ডকুমেন্টারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসারের নিকট সরবরাহ করবেন। তিনি নিজ দপ্তর থেকে অনুরূপ ডকুমেন্টারী বহুল প্রচারের উদ্যোগ গ্রহণ করবেন। শ্রেণি শিক্ষক দ্বারা উক্ত ক্লাস অনুষ্ঠান আয়োজনের জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | সিনিয়র তথ্য অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |
| ০২ | তামাক ও তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে বগুড়া জেলা প্রশাসন, সিভিল সার্জন অফিস ও স্থানীয় সরকার এবং নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে এ্যাডভোকেসী সভার আয়োজন করা। এরুপ ক্ষেত্রে বগুড়া পৌরসভার বাজেটে তামাক ও তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। | বগুড়া পৌর এলাকায় চলাচলকৃত সকল যানবাহনে সচেতনতা মূলক স্টিকার সন্নিবেশনের জন্য পৌরসভার প্রশাসক মহোদয়কে ব্যবস্থা গ্রহণের জন্য বাজেটের এ খাতে বিশেষ বরাদ্দ রাখার অনুরোধ করা হয়। | প্রশাসক, বগুড়া পৌরসভা। |
| ০৩ | সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার বলেন, সংশ্লিষ্ট আইনের ধারা ৮ অনুযায়ী পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে নো-স্মোকিং সাইনেজ স্থাপন বাধ্যতামূলক; আইন অমান্যে কর্তৃপক্ষের ১,০০০/- অর্থদন্ড বিধায় বগুড়া জেলা মটর মালিক গ্রুপ, মটর শ্রমিক ইউনিয়ন, স্টেশন মাস্টার-বগুড়া রেলওয়ে স্টেশন এবং তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির সকল সদস্য সংস্থাকে নিজ উদ্যোগে ও নিজ খরচে সাইনেজ ও সচেতনতা মূলক স্টিকার তৈরী পূর্বক স্থাপনের নির্দেশনা দিতে অনুরোধ জানান। | জেলা মটর মালিক গ্রুপ, মটর শ্রমিক ইউনিয়ন, স্টেশন মাস্টার, বগুড়া রেলওয়ে স্টেশন এবং তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির সকল সদস্য সংস্থাকে নো-স্মোকিং সাইনেজ স্টিকার তৈরী পূর্বক স্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা মটর মালিক গ্রুপ, মটর শ্রমিক ইউনিয়ন, স্টেশন মাস্টার, বগুড়া রেলওয়ে স্টেশন এবং তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির সকল সদস্য সংস্থা প্রধান। |
| ০৪ | তামাকজাত দ্রব্যাদির ব্যবহার নিয়ন্ত্রণের জন্য তামাক প্রাপ্তির উৎস বা তামাক চাষ বন্ধে সদাশয় সরকারের সংশ্লিষ্ট আইন প্রনয়ণকারী কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণপূর্বক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বলেন, এ বিষয়ে প্রয়োজনে | তামাক নিয়ন্ত্রণের জন্য তামাক প্রাপ্তির উৎস বা তামাক চাষ রন্ধে আইন প্রনয়ণ করার জন্য মন্ত্রণালয়ে চিঠি দেয়া যেতে পারে। | জেলা প্রশাসন, সিভিল সার্জন অফিস, বগুড়া। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | আইন প্রনয়ণ করা যেতে পারে। | | |
| ০৫ | মোবাইল কোর্ট পরিচালনা ও আইনের প্রয়োগ | ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন সফল বাস্তবায়নে জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা। | জেলা প্রশাসন বগুড়া। |
| ০৬ | মনিটরিং ও বাস্তবায়ন | পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে আইন অনুযায়ী নো স্মোকিং সাইনেজ/স্টীকার স্থাপন রয়েছে কি না ও ধূমপান বিরোধী সকল প্রকার বিজ্ঞাপন অপসারন এবং ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ আইন জনসাধারণ মেনে চলছে কিনা তা মনিটরিং ও বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখা। | জেলা টাস্কফোর্স কমিটির সকল সদস্য ও জেলা প্রশাসন, বগুড়া। |

বিবিধ আলোচ্যসূচিতে পৃথক কোন আলোচনা না থাকায়-সভাপতি তার সমাপনী বক্তব্যে ধূমপান ও তামাক নিয়ন্ত্রণে জেলা টাস্কফোর্স কমিটিকে আরও বেশী সক্রিয় হওয়ার আহবান জানান এবং কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সদস্য সচিবসহ কমিটির সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন, আগামী ২০৪০ সালের মধ্যে দেশ থেকে সম্পুর্ণরূপে তামাক নির্মূলের ঘোষণা রয়েছে তাই এ লক্ষ্য অর্জনে সকলকে স্ব স্ব ক্ষেত্রে যথারীতি আন্তরিক হয়ে কাজ করতে হবে।

পরিশেষে, সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করে সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/১১/২৫

(হোসনা আফরোজা)
জেলা প্রশাসক, বগুড়া
ও
সভাপতি
জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, বগুড়া।

স্মারক নং-সিএস/বগ/স্বাঃশিঃ/তামাকনিয়ন্ত্রণ/০৭/২৫/ ২৮২৩/৩৫ তারিখঃ০৯.১১.২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহাপরিচালক, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, বগুড়া ও সভাপতি, জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, বগুড়া।
৫। প্রশাসক, বগুড়া পৌরসভা, বগুড়া।
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা.................................. (সকল)।
৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা .........................(সকল)।
৮। সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, বগুড়া।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, মোটর মালিক গ্রুপ/মোটর শ্রমিক ইউনিয়ন/ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক গ্রুপ/শ্রমিক ইউনিয়ন, বগুড়া।
১০। জনাব.......................................................................
১১। দপ্তর নথি।

9.11.25

সিভিল সার্জন, বগুড়া
ও
সদস্য সচিব
জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, বগুড়া।

CamScanner